# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# নবম শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# নবম শ্রেণি

## সাধারণ নির্দেশনা

-  মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণ নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য পূর্বের ন্যায় বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: শিল্প ও সংস্কৃতি

## শ্রেণি : নবম

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | জানার মাঝে অজানারে করেছি সন্ধান | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | যে কোনো ঋতুর ছবি<br>নকশা |
| ২. | পৃথিবী অবাক তাকিয়ে রয় | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | মুক্তিযুদ্ধের ছবি অংকন, নৃত্য, গান, আবৃত্তি ও অভিনয় |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item name) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ( বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ছক/ছবি/) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন** (অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০)

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| **ব্যবহারিক অংশ** | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত যেকোন একটি বিভাগের ব্যবহারিক কাজ | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | ১ | ১×১৫=১৫ | |
| **তত্ত্বীয় অংশ** | | | |
| অতি সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | ২ | ১০×২=২০ | |
| মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক পরীক্ষা ২০২৪

**শিল্প ও সংস্কৃতি**

নবম শ্রেণির নমূনা প্রশ্নপত্র

**সময়: ৩ ঘন্টা**

**পূর্ণমান : ১০০**

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

**তত্ত্বীয় অংশ (ক বিভাগ)** **মোট নম্বর ৬৫**

**১. অতি সংক্ষিপ্ত প্রশ্ন** **১৫ X ১=১৫**

(ক) 'সরকারী চারুকলা ইনস্টিটিউট' এর বর্তমান নাম কী?

(খ) শহিদ মিনারের নকশা প্রণয়নকারী দুজন শিল্পীর মধ্যে নারী শিল্পীর নাম কি?

(গ) ছায়ানট কোন ধরনের প্রতিষ্ঠান?

(ঘ) মস্তক চলন কী?

(ঙ) 'দাম দিয়ে কিনেছি বাংলা' গানটির গীতিকার ওসুরকারের নাম কী?

(চ) ছবিতে বিভিন্ন উপাদানের সুশৃংখল উপস্থাপনকে ছবির ভাষায় কী বলে?

(ছ) প্রবাসী সরকারের আর্ট ও ডিজাইন বিভাগের প্রধান কে ছিলেন?

(জ) 'গ' স্বরের কোমল রূপ লিখ।

(ঝ) লিথোগ্রাফ কী?

(ঞ) ১৯৭১ সালে অবরুদ্ধ অবস্থায় শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা চিত্রকর্মটির নাম লিখ।

(ট) শরণার্থী তেলচিত্রটি কার আঁকা?

(ঠ) 'দুর্গমগিরি কান্তার মরু দুস্তর পারাবার হে'! গানটির গীতিকার ও সুরকারের নাম লিখ।

(ড) বাংলাদেশের আধুনিক ছাপচিত্রের জনক কাকে বলা হয়?

(ঢ) শিল্পী বুলবুল চৌধুরীর শিল্পচর্চার শাখা কোনটি ?

(ণ) ১৯৭০ সালের জলোচ্ছ্বাসে দুর্গত মানুষের সাহায্যের জন্য যে সংগীতায়জন করা হয় তার নাম কি ছিল?

**অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে।

**উত্তর মালা**

**ক** - চারুকলা অনুষদ, **খ**- ভাস্কর নভেরা আহমেদ।, **গ**- সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান। **ঘ**- অঙ্গাগত অভিনয়ের সময় মস্তকের সঞ্চালনের মাধ্যমে অভিব্যক্তি প্রকাশ করাকে মস্তকচলন বলে। **ঙ**- আব্দুল লতিফ। **চ**- ঐক্য । **ছ**- শিল্পী কামরুল হাসান। **জ**- 'গ' স্বরের কোমল রূপ হলো জ্ঞ । **ঝ**- এক ধরনের ছাপচিত্র, **ঞ**- মুক্তিযোদ্ধা **ট**- শিল্পী সফিউদ্দিন আহমেদ, **ঠ**- কবি কাজী নজরুল ইসলাম। **ড**- শিল্পী সফিউদ্দিন আহমেদ, **ঢ**- নৃত্যকলা,**ণ**- কাঁদো বাঙালি কাঁদো।

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন** **৪ X ৫=২০**

(যে কোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও)

(ক) সংস্কৃতি কী? সংস্কৃতি কত প্রকার ও কী কী?

(খ) মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ-পরোক্ষভাবে অংশগ্রহণ করেছিলেন এমন একজন নৃত্য শিল্পীর অবদান লেখ।

(গ) ছবি আঁকার নিয়মনীতি বৈচিত্র্য সম্পর্কে লিখো।

(ঘ) ভাষা আন্দোলনকে কেন্দ্র করে সেই সময়ে রচিত গানগুলি সম্পর্কে লিখ।

(ঙ) শিল্পী সফিউদ্দিন আহমেদকে শিল্পগুরুর উপাধিতে কেন ভূষিত করা হয়েছিল?

**সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবিক্স নিচে দেওয়া হলো।

**নমূনা প্রশ্ন:** সংস্কৃতি কী? সংস্কৃতি কত প্রকার ও কী কী?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সংস্কৃতির ধারণাটি ব্যাখ্যা করতে পারলে। | ২ | |
| সংস্কৃতি কয় প্রকার তা লিখতে পারলে। | ১ | |
| প্রকারভেদের নাম লিখতে পারলে। | ২ | |

**৩. ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং)** **১০ X ১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

 **ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

- শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
- ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

**৪. রচনামূলক উত্তর প্রশ্ন** **১০ X ২=২০**

(যে কোনো ২ টি প্রশ্নের উত্তর দাও)

(ক) তোমার অভিজ্ঞতার আলোকে গ্রামীন, নগর ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঘর-বাড়ি ও পোশাকের ধরনের তুলনামূলক আলোচনা করো।

(খ) ‘কনসার্ট ফর বাংলাদেশ’ কীভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভূমিকা রেখেছিল, লিখো।

(গ) মস্তক চলন কী? মস্তক চলনের শ্রেনি বিভাগ আলোচনা কর।

(ঘ) জিয়া হায়দার কে ছিলেন? বাংলাদেশের নাট্যচর্চায় তিনি কী কী ভূমিকা রেখেছিলেন লিখো।

 **রচনামূলক প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবিক্স নিচে দেওয়া হলো।

**নমুনা প্রশ্ন:** খ. কনসার্ট ফর বাংলাদেশ’ কীভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভূমিকা রেখেছিল, লিখো।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| কনসার্ট ফর বাংলাদেশ কী তা লিখলে | ৩ | |
| উদোক্তাদের নাম লিখতে পারলে | ২ | |
| কনসার্ট আয়োজনের প্রক্রিয়া বর্ণনা করলে | ৩ | |
| সংগৃহিত অর্থ প্রদান সম্পকিত বর্ণনা দিলে | ২ | |

**ব্যবহারিক অংশ (খ বিভাগ)** **মোটনম্বর - ৩৫**

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫

২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

বাংলাদেশের ঋতুভিত্তিক গ্রাম-সংস্কৃতি/ শহরের সংস্কৃতি রুপকে ইচ্ছে মতো মাধ্যমে এঁকে রঙ করবে।

অথবা

লোকগান / লোকনৃত্য / লোকনাট্য ও অভিনয় করবে।

-  **বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

-  **ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুবিক্স**
-  ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুগুলো সঠিক আকার ও আকৃতিতে আঁকা হয়েছে কিনা সেটি বিবেচনায় আনতে হবে | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন সঠিক হয়েছে কিনা; অর্থাৎ কাগজের অনুপাতে বিষয়বস্তুগুলো সঠিক আকারে এবং সঠিক স্থানে আছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার করেছে কিনা; অর্থাৎ দূরের বস্তু ছোট এবং কাছের বস্তু বড়ো দেখানো হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার সঠিক ব্যবহার হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |

-  সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

-  অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

-  আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |